যুগান্তর

JAN. 30 2001

তারিখ ........ পৃষ্ঠা ... ৫ কলাম ... ৩

# জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু

যুগান্তর রিপোর্ট

মানবকল্যাণে শিক্ষাকে প্রতিপাদ্য বিষয় করে সোমবার থেকে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০১ শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এ সপ্তাহের উদ্বোধন করেন।

সোমবার সকালে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে এ উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব ড. সাদত

## শিক্ষা : সপ্তাহ

(শেষ পৃষ্ঠার পর)

হুসাইন। আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. আয়েশা খাতুন।

শিক্ষামন্ত্রী তার সংক্ষিপ্ত ভাষণে বলেন, শিক্ষা মানুষের মৌলিক অধিকার। দেশে শিক্ষার প্রসারের জন্য বর্তমান সরকার বিভিন্ন কল্যাণমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, দেশের শিক্ষাকে মানসম্মত করতে এবং সবার শিক্ষার অধিকার নিশ্চিত করতে একটি যুগোপযোগী শিক্ষানীতি তৈরি করা হয়েছে। তিনি শিক্ষা নিয়ে যারা চিন্তা ভাবনা করছেন– তাদের কাছে এ নীতির ব্যাপারে কোন পরামর্শ থাকলে তা জানাতে অনুরোধ জানিয়েছেন।

শিক্ষা সচিব বলেন, একটি আধুনিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতেই নয়া শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, মানবকল্যাণে শিক্ষা– এ বিষয়টি এখন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এখন শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে সারাবিশ্বের খবরাখবর রাখছে– কিন্তু তার আশপাশের খবর রাখতে তাদের প্রচণ্ড অনীহা। এটিই হচ্ছে সমাজের সবচেয়ে দুর্বল দিক। এ নেতিবাচক বিষয়টি থেকে ছেলে-মেয়েদের মন ফেরাতে হবে। তাদেরকে সুন্দর নাগরিক হিসাবে গড়ে তুলতে হবে।

গতকাল উদ্বোধনী অনুষ্ঠান শেষে মানবকল্যাণে শিক্ষা বিষয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে মূল প্রবন্ধ পাঠ করেন প্রফেসর জামাল নজরুল ইসলাম। এতে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব ড. সাদত হুসাইন। বিভিন্ন বক্তা এ বিষয়ে আলোচনা করেন।